

৭৭০

০৪১

এস এস সি পরীক্ষা
রাত্রি পর্যন্ত জমা
নেওয়ার পরও
১১টি খাতা বাকী

ঝিনাইদহ (যশোর), ২০শে মার্চ (নিজস্ব সংবাদদাতা)—গত ১৬ই মার্চ স্থানীয় সরকারী বিদ্যালয় এস এস সি পরীক্ষা কেন্দ্র হইতে একজন পরীক্ষার্থীকে বহিষ্কার এবং জনৈক পরিদর্শকের প্রতি অশোভন আচরণকে কেন্দ্র করিয়া এক হাঙ্গামার সৃষ্টি হয়। একদল পরীক্ষার্থী উত্তেজিত হইয়া হলের বেঞ্চ-টেবিল ভাঙ্গিয়া দোতলা হইতে নীচে ছুঁড়িয়া মারে ও অন্যান্য পরীক্ষার্থীকে পরীক্ষা প্রদান বন্ধ রাখার জন্য জোর-জবরদস্তি চালায়। ফলে বেশ কিছু সংখ্যক পরীক্ষার্থী খাতা ও প্রশ্নপত্র লইয়া হল ছাড়িয়া বাহির হইয়া যাইতে বাধ্য হয়। পরে ঐদিন রাত পর্যন্ত বাহির হইয়া যাওয়া (৪র্থ পৃঃ দ্রঃ)

১১টি খাতা বাকী
 (৩য় পৃঃ পর)

পরীক্ষার্থীদের কিছু খাতা হল কত পক্ষের নিকট জমা দেওয়া হয়। ১১ জন পরীক্ষার্থীর খাতা ঐ দিন জমা দেওয়া হয় নাই। এই হাঙ্গামার সময় বাহিরের কিছু সংখ্যক লোকও হলে ঢুকিয়া বিশৃংখলার ইন্ধন যোগায়। এ ব্যাপারে ১ জন পরীক্ষার্থীসহ ৩ জনকে গ্রেফতার করা হইয়াছে বলিয়া পুলিশ সূত্রে জানা গিয়াছে।

কালিয়াকৈর (ঢাকা) হইতে ইতিফাকের নিজস্ব সংবাদদাতা জানান, স্থানীয় এস এস সি পরীক্ষা কেন্দ্রে কর্তব্যকর্মে অবহেলার জন্ত গত ১৯শে মার্চ পর্যন্ত ১২ জন পরিদর্শককে বহিষ্কার করা হয়।

ইতিফাকের স্বাক্ষণবাড়িয়ার (কুমিল্লা) সংবাদদাতা জানান, নবীনগর কেন্দ্রে হইতে দুইজন শিক্ষক এবং ১৭ই মার্চ পর্যন্ত কসবা কেন্দ্রে হইতেও দুইজন শিক্ষককে বহিষ্কার করা হয়।

ঢাকার গাজীপুরের সংবাদদাতা জানান, টঙ্গী পরীক্ষা কেন্দ্রে হইতে ৭ জন পরিদর্শককে বহিষ্কার করা হয়।

আমাদের কক্সবাজারের (চট্টগ্রাম) সংবাদদাতা জানান, কোন কোন পরীক্ষা কেন্দ্রের ভিতরে একটি বিশেষ রাজনৈতিক দলের লোকজন ও প্রভাবশালী ব্যক্তিদের তৎপরতা দেখা যায়।

উপরোক্ত কেন্দ্রগুলি হইতে বেশ কিছু সংখ্যক পরীক্ষার্থীকেও বহিষ্কার করা হইয়াছে।